

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস।  
নানা আয়োজনের মধ্য দিয়ে বুধবার  
পালিত হয়েছে চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয়ের ৪৯তম  
প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে সকালে  
উপাচার্য দফতরের সংশ্লিষ্ট কক্ষে  
আলোচনা সভা অনুষ্ঠিত হয়।  
সভাপতিত্ব করেন চবি উপাচার্য  
প্রফেসর ড. ইফতেখার উদ্দিন  
চৌধুরী। উপাচার্য তাঁর বক্তব্যে  
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমান, জাতীয় চারনেতা, মহান  
স্বাধীনতা যুদ্ধে অগণিত শহীদ ও  
সম্রম হারানো বিপুল সংখ্যক জায়া,  
কন্যা, জননী এবং ৭৫ এর ১৫  
আগস্ট বঙ্গবন্ধু পরিবারের শহীদ  
সদস্যবর্গ এবং মহান মুক্তিযুদ্ধে  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যে সকল  
সদস্যবর্গ শহীদ হয়েছেন তাঁদের  
প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।  
তিনি উচ্চ শিক্ষা ও গবেষণা, ক্রীড়া,  
শিল্পকলা, সাহিত্য-সংস্কৃতি ইত্যাদি  
ক্ষেত্রে বিগত ৪৯ বছরে চট্টগ্রাম  
বিশ্ববিদ্যালয়ের গৌরবোজ্জ্বল  
অর্জনসমূহ তুলে ধরেন।